**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# 2024 সালের নির্বাচন চলাকালীন সময়ে ভোটাধিকার ও জন নিরাপত্তা সুরক্ষিত রাখার জন্য গৃহীত নিরপেক্ষ প্রচেষ্টাগুলো সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসের আপডেট প্রদান

***শনিবার, 26 অক্টোবর থেকে আগাম ভোটদান শুরু হয়েছে এবং রবিবার, 3 নভেম্বর পর্যন্ত অব্যাহত থাকবে; মঙ্গলবার, 5 নভেম্বর থেকে সকাল 6:00 টা থেকে রাত 9:00 টা পর্যন্ত ভোটকেন্দ্র খোলা থাকবে***

***ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করার জন্য বহুসংস্থাভিত্তিক সংস্থানসমূহ মোতায়েন করা হয়েছে; ভোটদানের ক্ষেত্রে যেকোনো প্রতিবন্ধকতার প্রতি সাড়া দেওয়ার জন্য প্রস্তুত রয়েছে***

***নিউ ইয়র্কবাসীদেরকে মনে করিয়ে দেওয়া হচ্ছে যে আগাম ভোটদান এবং ভোটদান সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য স্টেট পর্যায়ের এবং স্থানীয় নির্বাচন কর্মকর্তারা হলেন নিউ ইয়র্কবাসীদের আস্থাভাজন উৎস***

***ভোটকেন্দ্রে সমস্যার সম্মুখীন হওয়া ভোটারদের উচিত 866-390-2992 নম্বরে ফোন করে অথবা অনলাইনে একটি অভিযোগ জমা দেওয়ার মাধ্যমে অ্যাটর্নি জেনারেলের নির্বাচন সুরক্ষা হটলাইনে যোগাযোগ করা***

***নিউ ইয়র্কবাসীদের ভোটাধিকার রক্ষার জন্য গভর্নর দেশের-নেতৃস্থানীয় আইনে স্বাক্ষর করেছেন***

গভর্নর ক্যাথি হোকল এবং অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজ 2024 সালের নির্বাচন চলাকালীন সময়ে নিউ ইয়র্ক স্টেট জুড়ে ভোটাধিকার ও জন নিরাপত্তা সুরক্ষিত রাখার জন্য গৃহীত নিরপেক্ষ প্রচেষ্টাগুলো সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে আপডেট জানিয়েছেন। সেসব প্রচেষ্টার মধ্যে ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করার জন্য এবং ভোটদানের ক্ষেত্রে যেকোনো প্রতিবন্ধকতার প্রতি সাড়া দেওয়ার জন্য স্টেটব্যাপী বহুসংস্থাভিত্তিক সংস্থানসমূহ মোতায়েন করা অন্তর্ভুক্ত রয়েছে। এটি সব নিউ ইয়র্কবাসীর ভোটাধিকার সুরক্ষিত রাখার জন্য গভর্নর এবং অ্যাটর্নি জেনারেলের দীর্ঘদিন ধরে চলে আসা অঙ্গীকারাবদ্ধতাকে অব্যাহত রেখেছে।

“নিউ ইয়র্কবাসীরা তাদের ব্যালট জমা দেওয়ার এই সময়ে, আমরা আমাদের গণতান্ত্রিক প্রক্রিয়ার পবিত্রতা নিশ্চিত করতে অপরিহার্য সব পদক্ষেপ গ্রহণ করছি, যাতে সবাই নিজের মতামত জানাতে পারে,” **বলেছেন গভর্নর হোকল।** “অ্যাটর্নি জেনারেল জেমস এবং স্টেটজুড়ে আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে আমরা এই নির্বাচনে সব নাগরিকের অংশগ্রহণ করার অধিকার নিশ্চিত করতে সরঞ্জাম ও সুরক্ষা ব্যবস্থাসমূহ প্রতিষ্ঠা করেছি — এবং আমরা সবসময় এসব অধিকারকে যারা হুমকির সম্মুখীন করবে তাদের বিরুদ্ধে এসব অধিকার রক্ষায় রুখে দাঁড়াবো।”

**নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন,** “নিউ ইয়র্কের স্বাধীন ও ন্যায্য নির্বাচনের একটি দীর্ঘ ইতিহাস রয়েছে এবং এবছরও তার ব্যতিক্রম হবে না। আমার কার্যালয় একটি নিরাপদ ও সাবলীল নির্বাচন প্রক্রিয়ার জন্য কয়েক মাস ধরে প্রস্তুতি নিয়ে আসছে এবং আমরা নিউ ইয়র্কবাসীদের ভোটদানের মৌলিক অধিকার রক্ষা করার জন্য আমাদের সাধ্যমতো চেষ্টা চালিয়ে যাবো। আমি গভর্নর হোকলের প্রতি এবং সরকার ও আইন প্রয়োগকারী সংস্থার প্রতিটি পর্যায়ে থাকা আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ, যারা প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে নিজের অধিকারগুলো সম্পর্কে জানতে পারেন এবং এই নির্বাচনে নিজের ভোট দেওয়ার সময় সুরক্ষিত থাকেন সে বিষয়টি নিশ্চিত করতে আমার কার্যালয়ের সঙ্গে কাজ করছেন। যদি ভোটকেন্দ্রে অথবা আপনার ভোট প্রদান করার ক্ষেত্রে আপনি কোনো সমস্যার সম্মুখীন হন, তাহলে অনুগ্রহ করে আমার কার্যালয়ের নির্বাচন সুরক্ষা হটলাইনে যোগাযোগ করুন।”

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন,** “নিউ ইয়র্কের নির্বাচনগুলো নিরাপদ ও সুরক্ষিত রয়েছে এবং ভবিষ্যতেও তাই থাকবে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীর উচিত বের হয়ে আসা এবং এখন থেকে নির্বাচনের দিন পর্যন্ত সময়ের মধ্যে ভোট প্রদান করা। কিভাবে ভোট দিতে হবে সে সম্পর্কে বিস্তারিত তথ্য, যেমন ভোটকেন্দ্রগুলোর অবস্থান এবং ভোটকেন্দ্রগুলো খোলা থাকার সময়সূচির জন্য, অনুগ্রহ করে নির্বাচন সংক্রান্ত তথ্যের ভালো, বিশ্বস্ত উৎসের জন্য স্টেটের নির্বাচন বোর্ড (State Board of Elections) এবং আপনার স্থানীয় কাউন্টির নির্বাচন বোর্ডের (County Board of Elections) সঙ্গে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন www.elections.ny.gov ঠিকানায়।”

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন জি. জেমস বলেন,** “আমেরিকায় ভোট দেওয়া আমাদের সবচেয়ে প্রিয় অধিকারগুলোর মধ্যে একটি। নিউ ইয়র্ক স্টেট পুলিশ স্বীকার করে যে সেই বিশেষাধিকারের পবিত্রতা ও অখণ্ডতা রক্ষা করা গুরুত্বপূর্ণ। আমরা যাতে স্বতস্ফূর্তভাবে আমাদের অবকাঠামোকে সুরক্ষিত রাখতে পারি এবং ভোট দেওয়াকে সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি নিরাপদ প্রক্রিয়া করে তুলতে পারি সে ব্যাপারে তাদের সহায়তার জন্য আমি গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেলের কার্যালয়কে ধন্যবাদ জানাই।”

নির্বাচন দিন হলো মঙ্গলবার, 5 নভেম্বর। শনিবার, 26 অক্টোবর থেকে আগাম ভোটদান শুরু হয়েছে এবং রবিবার, 3 নভেম্বর পর্যন্ত অব্যাহত থাকবে। ভোটাররা অনলাইনে নিজেদের আগাম ভোটদান এবং নির্বাচনের দিন ভোটকেন্দ্রগুলোর অবস্থান খুঁজে নিতে পারবেন।

শনিবার, 26 অক্টোবর থেকে বুধবার, 6 নভেম্বর পর্যন্ত ভোটারদের সম্মুখীন হওয়া বিস্তৃত পরিসরের সমস্যাগুলো সমাধান ও নিষ্পত্তি করার জন্য অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ের (OAG) নির্বাচন সুরক্ষা হটলাইন লভ্য থাকবে। নিউ ইয়র্কবাসীরা (866) 390-2992 নম্বরে ফোন করে অথবা অনলাইনে একটি অভিযোগ জমা দেওয়ার মাধ্যমে এই নির্বাচন সুরক্ষা হটলাইনে যোগাযোগ করতে পারবেন।

**ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করা**

নিউ ইয়র্ক স্টেটের নির্বাচনগুলো স্টেটজুড়ে নিরপেক্ষ কাউন্টি বা সিটির নির্বাচন বোর্ডগুলোর দ্বারা পরিচালিত হয় এবং নিউ ইয়র্ক স্টেটের নিরপেক্ষ নির্বাচন বোর্ড এক্ষেত্রে সহায়তা প্রদান করে থাকে। গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস আজ নিউ ইয়র্কবাসীদেরকে মনে করিয়ে দিয়েছেন যে স্টেটের নির্বাচন বোর্ড এবং স্টেটজুড়ে কাউন্টির নির্বাচন বোর্ডগুলো নিউ ইয়র্ক স্টেটে নির্বাচন ও ভোটদান সম্পর্কে প্রকৃত ও রিয়েল-টাইম তথ্য পাওয়ার সেরা উৎস।

ভোটারদের উচিত সম্ভাব্য মিথ্যা বা ভুল পথে চালিত করা নির্বাচন সংক্রান্ত কন্টেন্টের ব্যাপারে সতর্ক থাকা, যা বিভ্রান্তি এবং ভোটদানের ব্যবস্থা ও প্রক্রিয়ার প্রতি অনাস্থা তৈরি করার জন্য ব্যবহার করা হতে পারে, বিশেষ করে যখন সেগুলো সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলোতে ছড়ানো হয়। এটি কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে তৈরি ভুয়া ছবির আকারে হতে পারে, অথবা শুধু বন্ধুদের শেয়ার করা ভুল তথ্য হতে পারে।

কিভাবে এবং কোথায় ভোট দিবেন সে সম্পর্কে তথ্য পেতে এবং নির্বাচনের অখণ্ডতা সুরক্ষিত রাখার জন্য গৃহীত পদক্ষেপগুলো সম্পর্কে আরো জানতে নিউ ইয়র্কবাসীরা অনলাইনে নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ডে ভিজিট করতে পারেন। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা স্টেটের নির্বাচন বোর্ডকে X-এ @NYSBOE, ফেসবুকে (Facebook), ইনস্টাগ্রামে (Instagram) এবং ইউটিউবে (YouTube) অনুসরণ করতে পারেন এবং স্টেটের নির্বাচন বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটজুড়ে কাউন্টি নির্বাচন বোর্ডগুলোর সাথে যোগাযোগ তথ্য খুঁজে নিতে পারবেন।

এছাড়া আসন্ন নির্বাচন সম্পর্কে AI দ্বারা তৈরি ভুল তথ্যের বিরুদ্ধে সুরক্ষিত থাকতে সাহায্য করার জন্য অ্যাটর্নি জেনারেল জেমস "AI দ্বারা তৈরি নির্বাচন সম্পর্কিত ভুল তথ্য থেকে নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখা" শীর্ষক একটি নির্দেশিকাও প্রকাশ করেছেন।

প্রশ্ন রয়েছে অথবা নির্বাচন সম্পর্কে ভুল তথ্য বিতরণ হতে দেখা যেকোনো ব্যক্তির উচিত info@elections.ny.gov ঠিকানায় অথবা (518) 474-1953 নম্বরে নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করা, অথবা (866) 390-2992 নম্বরে ফোন করে অথবা অনলাইনে একটি অভিযোগ জমা দেওয়ার মাধ্যমে OAG-এর নির্বাচন সুরক্ষা হটলাইনে এটি রিপোর্ট করা।

**নির্বাচনের অবকাঠামো এবং জন নিরাপত্তা সুরক্ষিত রাখা**

গভর্নর হোকল একটি নিরাপদ ও সাবলীল নির্বাচন প্রক্রিয়া নিশ্চিত করার জন্য তার চলমান অঙ্গীকারাবদ্ধতার উপর আলোকপাত করেছেন। প্রত্যেক ভোটার যাতে নিজেদের ব্যালট জমা দিতে পারেন এবং সেটি গণনা করাতে পারেন তা নিশ্চিত করার জন্য নিবেদিত ফেডারেল, স্টেট ও স্থানীয় সরকারের সংস্থাগুলোর মধ্যকার বছরব্যাপী অংশীদারিত্বের মাধ্যমে এটি সম্ভব হয়েছে।

এই বহুসংস্থাভিত্তিক সহযোগিতা 2024 সালের সাধারণ নির্বাচনের পুরো সময় জুড়ে অব্যাহত থাকবে এবং নির্বাচনের ক্ষেত্রে ঘটতে পারে এমন যেকোনো ব্যাঘাতের প্রতি দ্রুত, সুশৃঙ্খল উপায়ে সাড়াদান করতে সহায়তা করার জন্য সংস্থানসমূহ লভ্য থাকবে। সবচেয়ে কমন ক্ষেত্রে, এসব ব্যাঘাতের মধ্যে বিদ্যুতের লাইন ছিঁড়ে যাওয়া, ইন্টারনেট পরিষেবা ব্যাহত হওয়া এবং আবহাওয়া সংক্রান্ত কারণে রাস্তা বন্ধ থাকার মতো ঘটনা অন্তর্ভুক্ত রয়েছে।

এছাড়া সাম্প্রতিক বছরগুলোতে স্টেটের নির্বাচন অবকাঠামোর আধুনিকায়ন ও উন্নতির জন্য নিউ ইয়র্ক স্টেট ব্যাপকভাবে বিনিয়োগ করেছে। 2019 সাল থেকে, সরঞ্জাম ক্রয় করা এবং নিরাপত্তা প্রটোকল উন্নত করার মতো গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোতে সহায়তা করার জন্য স্টেট 140 মিলিয়ন ডলারেরও বেশি স্টেট ও ফেডারেল তহবিল বরাদ্দ দিয়েছে।

গভর্নর হোকল ভোটারদেরকে আরো মনে করিয়ে দিয়েছেন যে নির্বাচনের রাতের সব ফলাফল অনানুষ্ঠানিক এবং স্টেটব্যাপী নিরপেক্ষ কাউন্টি নির্বাচন বোর্ডগুলোর দ্বারা ডাকযোগে পাওয়া এবং এফিডেভিট ব্যালট গণনা করা এবং নির্বাচনটি প্রত্যয়িত হওয়ার আগ পর্যন্ত নির্দিষ্ট কিছু রেসে কোনো সুস্পষ্ট বিজয়ী পাওয়া নাও যেতে পারে। নির্বাচনের পরের দিনগুলোতে নির্বাচন সম্পর্কিত শান্তিপূর্ণ মিছিল যাতে জন নিরাপত্তা বজায় রেখে নিউ ইয়র্কবাসীদের বাক স্বাধীনতার অধিকারকে রক্ষা করে এমন উপায়ে অগ্রসর হয় সে বিষয়টি নিশ্চিত করতে DHSES এবং NYSP-এর মতো স্টেট সংস্থাগুলো স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার অংশীদারদের সঙ্গে সমন্বয় করে কাজ করবেন।

**ভোটাধিকার সুরক্ষিত রাখা**

গভর্নর হোকল ইতোপূর্বে ঐতিহাসিক জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট অব নিউ ইয়র্ক স্বাক্ষর করেছিলেন – যা দেশের সবচেয়ে বিস্তৃত স্টেট পর্যায়ের ভোটাধিকার আইনগুলোর মধ্যে অন্যতম। এই মাইলফলকস্বরূপ আইন ভোটকেন্দ্র অ্যাক্সেস করার ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলো অপসারণ করেছে এবং সব যোগ্য ভোটার যাতে নিউ ইয়র্ক স্টেটে ভোট দেওয়ার সমান সুযোগ পান সে বিষয়টি নিশ্চিত করেছে। এই আইনে ভোটারদের দমন করা ও ভীতি প্রদর্শন প্রতিরোধ করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ অন্তর্ভুক্ত করা হয়েছে, নির্বাচন সম্পর্কিত ভাষা সহায়তা সম্প্রসারণ করা হয়েছে এবং সব যোগ্য ব্যক্তির জন্য ব্যালটের সমতাপূর্ণ অ্যাক্সেস নিশ্চিত করা হয়েছে।

সেইসাথে, আগস্ট মাসে, 1965 সালের ভোটাধিকার আইনের 59তম বার্ষিকীতে, গভর্নর হোকল ভোটদানের ক্ষেত্রে সুরক্ষা আরো জোরদার করতে এবং ভোটারদের জন্য নিউ ইয়র্কে তাদের ব্যালট জমা দেওয়া আরো সহজ করতে একটি আইনি প্যাকেজ স্বাক্ষর করেন।

এছাড়াও অ্যাটর্নি জেনারেল জেমস 2024 সালের নির্বাচন চলাকালীন সময়ে ভোটারদেরকে ভীতি প্রদর্শন প্রতিরোধ করা এবং ভোটাদের অধিকার সুরক্ষিত রাখার লক্ষ্যে নির্দেশনা জারি করেছেন। ভোটারদেরকে ভীতি প্রদর্শন করার সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতি প্রত্যক্ষ করা যেকোনো ব্যক্তির উচিত তাৎক্ষণিকভাবে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা ও OAG-এর কাছে সেই ঘটনার কথা রিপোর্ট করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন